

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

<http://www.bd-pratidin.com/news/2018/06/12/337358>

প্রকাশ : মঙ্গলবার, ১২ জুন, ২০১৮ ০০:০০: ১১ জুন, ২০১৮ ২৩:৪৩

## বকেয়া বেতনের দাবিতে বিক্ষোভ

### সভার প্রতিনিধি

ঢাকার আশুলিয়ায় বেতন-ভাতা ও ঈদ বোনাসের দাবিতে ছয়টি গার্মেন্টে বিক্ষোভ ও কর্মবিরতি কর্মসূচি পালন করছেন শ্রমিকরা। এর মধ্যে একটি গার্মেন্টের শ্রমিকরা সড়ক অবরোধের চেষ্টা করলে পুলিশ লার্ঠিচার্জের মাধ্যমে তাদের ছত্রভঙ্গ করে দেয়। স্বাধীন বাংলা গার্মেন্টস শ্রমিক ফেডারেশনের সভার-আশুলিয়া-ধামরাই আঞ্চলিক কমিটির সভাপতি আল কামরান জানান, আশুলিয়ার কাঠগড়ার পজেটিভ ফ্যাশনওয়্যার লিমিটেড ও প্যান্টা ফোর, জামগড়ার লিন্ডা ফ্যাশন ও গ্রিনলাইফ, আমতলার স্পাইসি ও চারাবাগের অর্ক ডেনিম কারখানার শ্রমিকরা বিক্ষোভ প্রদর্শন ও কর্মবিরতি পালন করছেন।

তিনি জানান, বকেয়া এক মাসের বেতন, ঈদের আগে যে কদিন কাজ হয় তার মজুরি ও ঈদ বোনাসের দাবিতে শ্রমিকরা সকাল থেকেই বিক্ষোভ ও কর্মবিরতি পালন করছেন।

এর মধ্যে কাঠগড়ার পজেটিভ ফ্যাশনওয়্যার লিমিটেডের শ্রমিকরা কারখানার সামনে বিশমাইল-জিরাবো সড়ক অবরোধ করে বিক্ষোভ করতে থাকেন। খবর পেয়ে পুলিশ তাদের লার্ঠিচার্জের মাধ্যমে ছত্রভঙ্গ করে দেয়। লার্ঠিচার্জ কয়েকজন শ্রমিক আহত হয়েছেন। পজেটিভ ফ্যাশনওয়্যার লিমিটেডের শ্রমিক পারুল আক্তার, জাকির হোসেনসহ কয়েকজন অভিযোগ করে বলেন, ‘মে মাসের বকেয়া বেতন-ভাতা শনিবার দেওয়ার কথা ছিল। কিন্তু কর্তৃপক্ষ না দিয়ে পুলিশ দিয়ে আমাদের ওপর হামলা চালিয়েছেন। এ অবস্থায় চলতি মাসসহ দুই মাসের বকেয়া বেতন-ভাতা ও ঈদ বোনাসের দাবি জানিয়ে বিক্ষোভ শুরু করেন। একপর্যায়ে তারা কারখানার সামনে সড়ক অবরোধ করলে পুলিশ লার্ঠিচার্জের মাধ্যমে সরিয়ে দিয়েছে। এতে কয়েকজন শ্রমিক আহত হয়েছেন।’ আশুলিয়া শিল্পপুলিশ-১-এর অতিরিক্ত পুলিশ সুপার শাহাদাৎ হোসেন জানান, সড়ক অবরোধ করে ঈদে ঘরমুখ যাত্রীদের ভোগান্তি সৃষ্টি করায় শ্রমিকদের লার্ঠিচার্জের মাধ্যমে সরিয়ে দেওয়া হয়েছে।